



## নিয়োগ বিজ্ঞপ্তি

নড়াইল জেলা জজশীপের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে প্রত্যেকটি পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ক্যাশিয়ার (এলডিএ) (৯৩০০-২২৪৯০/-)	০১	স্বীকৃতি প্রাপ্ত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	নাজির (এলডিএ) (৯৩০০-২২৪৯০/-)	০২	ঐ
০৩	লাইব্রেরি সহকারী (এলডিএ)। (৯৩০০-২২৪৯০/-)।	০১	ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।
০৪	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (৯৩০০-২২৪৯০/-)	০২	ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২০ ও ২০ শব্দ টাইপ করার গতি সম্পন্ন।
০৫	হিসাব সহকারী (এলডিএ) (৯৩০০-২২৪৯০/-)	০১	ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।
০৬	বেঞ্চ সহকারী (এলডিএ) (৯৩০০-২২৪৯০/-)	০১	ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।
০৭	প্রসেস সার্ভার (৮৫০০-২০৫৭০)	০১	ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।

### “শর্তাবলী”

- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।
- আবেদনপত্রে প্রার্থীর (ক) নিজ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ ও ০১.০২.২০২১ খ্রিঃ তারিখে বয়স (ছ) অভিজ্ঞতা যদি থাকে (জ) নিজ জেলা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) কোটার নাম (যদি থাকে) উল্লেখ পূর্বক জেলা ও দায়রা জজ, নড়াইল বরাবর আবেদন করিতে হইবে।
- দরখাস্তটি আগামী ১৮.০৩.২০২১ খ্রিঃ তারিখ ৪.৩০ ঘটিকার মধ্যে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, অতিরিক্ত জেলা জজ, নড়াইল বরাবর ডাকযোগে অথবা সরাসরি পৌছাইতে হইবে। উক্ত তারিখ ও সময়ের পরে পৌছানো কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
- ০১.০২.২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষাদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন গ্রাফিডেভিড গ্রহণযোগ্য নহে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতামহ/মাতামহ এর অনুকূলে প্রার্থীর আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করিয়া দিতে হইবে। এক্ষণে সনদপত্র ব্যতীত অন্যকোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হইবে না।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা নিয়োগ বিধি মোতাবেক শিথিলযোগ্য।
- দরখাস্তের সহিত (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদাতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি, (খ) সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (গ) স্থানীয় ইউ.পি চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) (ঙ) কোটার সমর্থনে প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। সত্যায়িত ফটোকপি সমূহে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল থাকিতে হইবে।
- প্রার্থী যে ঠিকানায় চিঠিপত্র পাইতে আগ্রহী সেই ঠিকানা সম্বলিত ১২ (বার) টাকার ডাক টিকিটযুক্ত (৯.৫X ৪.৫ ইঞ্চি) ১টি ফেরত খাম আবেদনপত্রের সহিত প্রেরণ করিতে হইবে।
- খামের উপর প্রার্থীর পদের নাম, জেলার নাম, কোটা (যদি থাকে) ও মোবাইল নম্বর উল্লেখ করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুযায়ী সকল প্রকার কোটা অনুসরণ করা হইবে।
- প্রার্থীকে বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হইবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় ডাকা হইবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হইবে।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে প্রবেশপত্র ও কলম সঙ্গে আনিতে হইবে। কোন প্রকার ফোন, ক্যালকুলেটর বা কোন ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখা যাইবে না।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি সঙ্গে আনিতে হইবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ দেওয়া হইবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- নিয়োগের ক্ষেত্রে নড়াইল জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সংশোধন ও আংশিক বা সম্পূর্ণ বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

বিদ্র: ইতোপূর্বে ২৪.০৭.২০১৬ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি মতে উক্ত পদসমূহের মধ্য হইতে কোন পদে কেহ আবেদন করিয়া থাকিলে উক্ত পদের জন্য নতুন করে তাহাদের আবেদন করার আবশ্যিকতা নাই।

  
২২.০২.২০

(মোঃ হায়দার আলী খোন্দকার)  
সভাপতি  
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি  
ও  
অতিরিক্ত জেলা জজ, নড়াইল।